

পাঠ সহায়িকা

তথ্য বাতায়নে লগইন ও পাসওয়ার্ড পরিবর্তন করা


তথ্য বাতায়নে লগইন করা-

তথ্য বাতায়নে লগইন করার জন্য নিচের প্রক্রিয়া গুলো অনুসরণ করুন। যেমন-

- প্রথমেই আপনি যেকোন ওয়েব ব্রাউজার ওপেন করে এর Address bar-এ www.bangladesh.gov.bd টাইপ করে জাতীয় তথ্য বাতায়নের ওয়েব পেজে প্রবেশ করুন।




- এখানে মেনু থেকে বিভাগ অপশনে ক্লিক করুন। এখান থেকে ঢাকা বিভাগ খুঁজে বের করে তাতে ক্লিক করুন।




- দেখবেন ব্রাউজারে একটি নতুন ট্যাবে আপনার বিভাগের বাতায়নটি ওপেন হয়েছে।



- এবার পেজটির উপরের দিকে থাকা ড্রপ ডাউন মেনুতে ঢাকা বিভাগ লেখা দেখতে পাচ্ছেন তার ডানপাশে অবস্থিত ড্রপ ডাউন মেনু থেকে আপনার জেলা নির্বাচন করুন, এখানে উপজেলা নির্বাচনের আরেকটি ড্রপ ডাউন মেনু জেগে উঠবে।
- এবার উপজেলা নির্বাচন করার ড্রপডাউন মেনু থেকে আপনার উপজেলাটি নির্বাচন করে তাতে ক্লিক করুন। এবার আপনার কাংখিত উপজেলার বাতায়নটি দেখতে পাবেন।




- এরপর এই পেজের মেনু থেকে সরকারি অফিস অপশনে গেলে যে তালিকা ওপেন হবে এখান থেকে ভূমি অফিস নির্বাচন করুন।




- আপনি আপনার কাঙ্ক্ষিত তথ্য বাতায়ন পেজটিতে প্রবেশ করেছেন। এবার লগইন করতে আপনি Address bar এ প্রদর্শিত Sub-domain টির ঠিক পরে ক্লিক করুন, যদি সম্পূর্ণ লেখাটি সিলেক্ট হয়ে থাকে তবে আরেকবার ক্লিক করে আনসিলেক্ট করে /user লিখে Enter বাটনটি চাপুন।



- এখন আপনি যদি আপনার পাসওয়ার্ডটি পরিবর্তন করতে চান তবে NPF Control Panel পেজটির উপরের দিকে ডানপাশে প্রদর্শিত ইউজার নেমটির উপর ক্লিক করুন। ড্রপডাউন মেনু থেকে Change Password অপশনটি নির্বাচন করুন।




- এখন আগত ডায়ালগ বক্সের Password এর স্থানে আপনার নতুন পাসওয়ার্ডটি টাইপ করুন, একইভাবে Confirm Password এর স্থানে পুনরায় একই পাসওয়ার্ডটি টাইপ করুন। তবে খেয়াল রাখতে হবে পাসওয়ার্ড এর ডিজিট সংখ্যা কমপক্ষে আটটি হতে হবে।



পাসওয়ার্ড কমপক্ষে
৮ ডিজিটের হবে

- এবার **Change Password** বাটনে ক্লিক করলে পেজের উপরের দিকে একটি **Confirmation** মেসেজ দেখাবে যে আপনার পাসওয়ার্ডটি পরিবর্তন হয়েছে।



এভাবেই আপনার বাতায়নের এডমিন হিসেবে আপনি লগ ইন করতে পারবেন এবং প্রয়োজনে আপনার পাসওয়ার্ড পরিবর্তন করতে পারবেন।